গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন সংক্রান্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শাহীনুর শাহীন খান, পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২৩ অক্টোবর ২০২৪
সময় : বিকাল ০৩.০০ ঘটিকায়
স্থান : নবনির্মিত ভবনের সভা কক্ষ (৪র্থ তলা)

আলোচ্য বিষয়:

১। বিভাগ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক।
২। বিবিধ।

(সভার হাজিরা সংশ্লিষ্ট ছবি পরিশিষ্ট- 'ক')

সভাপতি ও পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-এর সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় সকল বিভাগীয় উপপরিচালক ও কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যথাসময়ে উপস্থিত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান। সভায় বিভাগীয় উপপরিচালকগণ কর্তৃক প্রেরিত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) অগ্রগতি উপস্থাপন করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহের অগ্রগতির সুচক অনুযায়ী সভায় আলোচনা করা হয়। প্রতিবেদনগুলো যাচাইয়ে দেখা যায় যে, বিভাগীয় উপপরিচালকগণ কার্যক্রমগুলো বেশির ভাগই প্রমাপ অনুযায়ী সম্পাদন করেছেন। প্রতিবেদনের আলোকে বিস্তারিত আলোচনাশেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

কার্যক্রমের নাম	ঢাকা	চট্টগ্রাম	বরিশাল	সিলেট	খুলনা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	মন্তব্য/সিদ্ধান্ত
১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা....									
১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন	১টি সভা আয়োজিত	১টি সভা আয়োজিত	১টি সভা আয়োজিত	১টি সভা আয়োজিত	১টি সভা আয়োজিত	১টি সভা আয়োজিত	১টি সভা আয়োজিত	১টি সভা আয়োজিত	সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করা হয়েছে
১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	-	১টি সভা আয়োজিত	১টি সভা আয়োজিত	-	১টি সভা আয়োজিত	-	১টি সভা আয়োজিত	১টি সভা আয়োজিত	সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করা হয়েছে
১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন	-	-	-	-	১টি সভা/ প্রশিক্ষণ করা হয়েছে	-	-	-	প্রমাপ অনুযায়ী সভা/ প্রশিক্ষণ আয়োজন করতে হবে
১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/পরিষ্কার -পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)	পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে	পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে	পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে	-	পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে	-	পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে	পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে	পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে

২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার...									
২.১ ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	৩১/৭/২৪ প্রকাশিত	-	৩১/৭/২৪ প্রকাশিত	৩০/৭/২৪ প্রকাশিত	-	-	৩০/৯/২৪ প্রকাশিত	২৫/৭/২৪ প্রকাশিত	ওয়েবসাইট নিয়মিত হালফিল করতে হবে
৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম...									
৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ	২৫%	১০০%	৯৫%	১০০%	২৫%	১০০%	-	১০০%	সেবাগ্রহীতার মতামত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে

২। বিবিধ বিষয়ে বিভাগ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন নির্দিষ্ট তারিখের মধ্যে প্রেরণ করায় সভাপতি সকল বিভাগীয় উপপরিচালকগণকে ধন্যবাদ জানান। ২০২৪-২০২৫ অর্থবছরের নির্দেশিকা অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে অগ্রগতি স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সভাপতি বিভাগীয় উপপরিচালকগণকে নির্দেশনা প্রদান করেন। কর্মপরিকল্পনার সকল কার্যক্রম প্রমাপ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শাহীনুর শাহীন খান ২৮/১০/২০২৪
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫৭৪৮২৯
ই-মেইল: diradmindpe@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০০৬.০৩.২৪-৮৩১

তারিখ: ১২ কার্তিক ১৪৩১ / ২৮ অক্টোবর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে শুদ্ধাচার বক্সে আপলোডের অনুরোধসহ)।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট, পিটিআই ----------সকল জেলা।
৫. মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি।

২৮.১০.২৪
এ.এস.এম সিরাজুদ্দোহা
উপপরিচালক (সংস্থাপন)